



আর্মি ইন্সটিটিউট অব বিজনেস এ্যাডমিনিষ্ট্রেশন, সিলেট

আর্মি ইন্সটিটিউট অব বিজনেস এ্যাডমিনিষ্ট্রেশন, সিলেটে বিবিএ প্রোগ্রামের মেধাবী ছাত্র/ছাত্রীদের বৃত্তি প্রদান নীতিমালা

১। এখন থেকে আর্মি ইন্সটিটিউট অব বিজনেস এ্যাডমিনিষ্ট্রেশন, সিলেটে বিবিএ প্রোগ্রামের ছাত্র/ছাত্রীদের মধ্যে প্রতিযোগিতামূলক মনোভাব সৃষ্টির লক্ষ্যে মেধাবী ছাত্র/ছাত্রীদের মাঝে প্রত্যেক সেমিস্টারের ফলাফলের ভিত্তিতে প্রথম তিনজন ছাত্র/ছাত্রীকে নিম্নলিখিত নীতিমালার উপর ভিত্তি করে বৃত্তি প্রদান করা হবেঃ

ক। প্রতি সেমিস্টারে প্রতিটি ব্যাচে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকারী ছাত্র/ছাত্রীকে পরবর্তী এক সেমিস্টারে বৃত্তির জন্য বিবেচনা করা হবে।

খ। তবে বৃত্তির জন্য বিবেচিত ছাত্র/ছাত্রীর সিজিপিএ অবশ্যই ৩.৮০ বা তার অধিক হবে। নিম্নলিখিত ফলাফল/সিজিপিএ'র উপর ভিত্তি করে বৃত্তি প্রদান করা হবেঃ

ক্রমিক নং	ফলাফল / সিজিপিএ	বৃত্তির পরিমাণ
১।	৩.৯০ এবং অধিক	টিউশন ফি'র ৩০% এর সমপরিমাণ টাকা
২।	৩.৮৫ এবং অধিক	টিউশন ফি'র ২০% এর সমপরিমাণ টাকা
৩।	৩.৮০ এবং অধিক	টিউশন ফি'র ১০% এর সমপরিমাণ টাকা

গ। যদি প্যারা খ এ উল্লেখিত ফলাফলে ০২ বা ততোধিক ছাত্র/ছাত্রীর ফলাফল একই হয় তবে মোট মার্কের ভিত্তিতে স্থান নির্ধারণ করা হবে। যদি ০২ বা ততোধিক ছাত্র/ছাত্রীর মোট মার্কসও এক হয়, তবে অত্র প্রতিষ্ঠান কর্তৃক গঠিত কমিটির মাধ্যমে উক্ত ছাত্র/ছাত্রীদের উপস্থিতির হার, আচরণ এবং সার্বিক শৃংখলার মান বিবেচনায় স্থান নির্বাচন করা হবে।

ঘ। এই বৃত্তি শুধুমাত্র ঐ নির্দিষ্ট সেমিস্টারের জন্য প্রযোজ্য হবে।

ঙ। তবে উল্লেখ্য যে, কোন ছাত্র/ছাত্রীর কোন ধরনের বকেয়া অপরিশোধিত থাকলে বৃত্তির জন্য বিবেচনা করা হবে না।

চ। প্রতি সেমিস্টার শুরু হওয়ার প্রথম চার সপ্তাহের মধ্যে উল্লেখিত ছাত্র/ছাত্রীদেরকে আনুষ্ঠানিক ভাবে বৃত্তির চেক ও সনদ প্রদান করা হবে।

২। এই নীতিমালাটি প্রয়োজনবোধে পরিবর্তিত হতে পারে।

মেজর তারিকুল ইসলাম মজুমদার (অবঃ)
উপ-পরিচালক (প্রশাসন ও হিসাব)
জুলাই ২০১৬